

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সমাজকল্যাণ মন্ত্রণালয়  
সমাজসেবা অধিদফতর  
শৃঙ্খলা ও তদন্ত শাখা  
www.dss.gov.bd

‘শেখ হাসিনার  
দিনবদলে, সমাজসেবা  
এগিয়ে চলে’

নম্বর: ৪১.০১.০০০০.০১৪.২৭.০০৪.১৭.২৭২

তারিখ: ১৮ অগ্রহাষণ ১৪২৬  
০৩ ডিসেম্বর ২০১৯

### অফিস আদেশ

যেহেতু, জনাব মোঃ দেলোয়ার হোসেন, অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর(পিআরএল ভোগরত), উপজেলা সমাজসেবা কার্যালয়, হালুয়াঘাট, ময়মনসিংহ এর বিরুদ্ধে পূর্ববর্তী কর্মস্থল উপজেলা সমাজসেবা কার্যালয়, ধোবাউড়া, ময়মনসিংহে কর্মরত অবস্থায় রোগী কল্যাণ সমিতির আওতায় ২০১২-২০১৩, ২০১৩-২০১৪ এবং ২০১৪-২০১৫ অর্থ বছরে ৫০ জন রোগীর অনুকূলে বরাদ্দকৃত ২,১৩,০০০/- বিতরণ দেখানো হলেও বিতরণ রেজিস্টারে অর্থ গ্রহণকারীর স্বাক্ষরের অনেক ঘরে রাজস্ব টিকেটের উপর অর্থ গ্রহণকারীর স্বাক্ষর না থাকা, দায়িত্ব পালনে অবহেলা, জনাব মোঃ শামছুল হক, উপজেলা নির্বাহী অফিসার, ধোবাউড়া, ময়মনসিংহ এর স্বাক্ষর জাল করার বিষয়ে সম্পৃক্ততা থাকার অভিযোগে সরকারি কর্মচারী(শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) মোতাবেক অসদাচরণ এর দায়ে বিভাগীয় মামলা(মামলা নং ১০/২০১৭ তারিখ ২৩/০৭/২০১৭) রুজু করা হয়;

যেহেতু, জনাব মোঃ দেলোয়ার হোসেন বিভাগীয় মামলার জবাব প্রদান করে ব্যক্তিগত শুনানিতে অংশ গ্রহণের আগ্রহ প্রকাশ করায় তার শুনানি গ্রহণ করা হয়। শুনানি অস্ত্রে বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য জনাব মোহাম্মদ আলী হায়দার ভূঁইয়া, সহকারী পরিচালক, বিভাগীয় পরিচালকের কার্যালয়, সমাজসেবা অধিদফতর, ময়মনসিংহকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ হয়। তদন্তে জনাব মোঃ দেলোয়ার হোসেন এর বিরুদ্ধে দায়েরকৃত বিভাগীয় মামলায় আনীত অভিযোগের সত্যতা পাওয়া যায়নি;

সেহেতু, জনাব মোঃ দেলোয়ার হোসেন, অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর(পিআরএল ভোগরত), উপজেলা সমাজসেবা কার্যালয়, হালুয়াঘাট, ময়মনসিংহ এর বিরুদ্ধে দায়েরকৃত বিভাগীয় মামলার অভিযোগনামা ও অভিযোগ বিবরণী, তদন্ত প্রতিবেদন এবং অন্যান্য রেকর্ডপত্র পর্যালোচনা করে তার বিরুদ্ধে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ প্রমাণিত না হওয়ায় তাকে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।



৩-১২-২০১৯

মোঃ জুলফিকার হায়দার  
পরিচালক

নম্বর: ৪১.০১.০০০০.০১৪.২৭.০০৪.১৭.২৭২/১

তারিখ: ১৮ অগ্রহাষণ ১৪২৬  
০৩ ডিসেম্বর ২০১৯

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা

হইল:

- ১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।
- ২) পরিচালক, কার্যক্রম অধিশাখা, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।
- ৩) পরিচালক, বিভাগীয় পরিচালকের কার্যালয়, সমাজসেবা অধিদফতর, ময়মনসিংহ।
- ৪) উপপরিচালক, গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা

(সমাজসেবা অধিদফতরের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

৫) উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ।

৬) সহকারী পরিচালক, অর্থ শাখা, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।

৭) সহকারী পরিচালক, প্রশাসন-২ শাখা (নন-গেজেটেড), সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।

৮) উপজেলা সমাজসেবা অফিসার, হালুয়াঘাট, ময়মনসিংহ।

৯) উপজেলা হিসাবরক্ষণ অফিসার, হালুয়াঘাট, ময়মনসিংহ।

১০) জনাব মো: দেলোয়ার হোসেন, অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর(পিআরএল ভোগরত), উপজেলা সমাজসেবা কার্যালয়, হালুয়াঘাট, ময়মনসিংহ।



৩-১২-২০১৯

মোঃ সাফায়েত হোসেন তালুকদার  
উপপরিচালক